গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর-৩৪

## জুলাই গণঅভ্যুত্থান দিবসে রাজশাহী জেলা প্রশাসনের কর্মসূচি

রাজশাহী, ২০ শ্রাবণ (০৪ আগস্ট):

আগামী ৩৬ জুলাই (৫ আগস্ট) প্রথম জুলাই গণঅভ্যুত্থান দিবস। নতুন বাংলাদেশ গড়ার প্রত্যয়ে যাঁদের আত্মত্যাগ আজ আমাদের স্বপ্ন দেখাচ্ছে, তাঁদের অসামান্য ত্যাগ ও স্মৃতির প্রতি শ্রদ্ধা জ্ঞাপন এবং জুলাই গণঅভ্যুত্থান দিবস ২০২৫ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের লক্ষ্যে রাজশাহী জেলা প্রশাসন নানা কর্মসূচি গ্রহণ করেছে।

এ উপলক্ষ্যে আগামীকাল সকাল ৯ টায় রাজশাহী সিএন্ডবি মোড়ে জুলাই স্মৃতিস্তম্ভে পুষ্পস্তবক অর্পণ করা হবে। এরপর জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে সকাল সাড়ে নয়টায় জুলাই শহিদ পরিবার ও জুলাইযোদ্ধাদের সম্মিলন অনুষ্ঠিত হবে।

সম্মিলন অনুষ্ঠানে থাকবে সমবেত কণ্ঠে জাতীয় সংগীত পরিবেশনা, জুলাই গণঅভ্যুত্থানের উপর নির্মিত প্রামাণ্যচিত্র প্রদর্শন, শহিদ পরিবার ও জুলাইযোদ্ধাগণের স্মৃতিচারণা ও আলোচনা সভা।

এদিন অনুষ্ঠানে শহিদ পরিবার ও জুলাইযোদ্ধাগণকে উপহার সামগ্রী হস্তান্তর করা হবে। এছাড়াও সুবিধাজনক সময়ে সকল ধর্মীয় উপাসনালয়ে মোনাজাত ও প্রার্থনার আয়োজন করা হবে।

...........................................................
আলীম/তৌহিদ/আতিক/হালিম/২০২৫/১৬.০০ঘ

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০৭২১-৭৭২৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd